




**ইন্টারনেটে-
সংযুক্ত হবার পদ্ধতি
(ওয়াইফাই WiFi, LAN,
Network sharing basic
techniques)**



Digital
Literacy
Center



আচ্ছা।

স্মার্টফোনের মাধ্যমে ইন্টারনেটে যুক্ত হতে তোর স্মার্টফোনে সিম কার্ড লাগিয়ে সেই সিম কোম্পানির বিভিন্ন ডাটা প্যাকেজ কিনে ইন্টারনেটে যুক্ত হতে পারিস।

সেক্ষেত্রে সিম কোম্পানির ডাটা প্যাকেজ কীভাবে কিনতে হয় সেসব জানতে হবে।

এছাড়া ওয়াইফাই (WiFi) ব্যবহার করেও যুক্ত হতে পারবি, সেক্ষেত্রে সিমের প্রয়োজন হবে না।

তবে সেজন্য বাসায় বা অফিসে যেখানে তুই ইন্টারনেট ব্যবহার করবি সেখানে ব্রডব্যান্ড ইন্টারনেটের সংযোগ থাকা লাগবে।

ঠিক আছে।
এরপর?

এরপর কম্পিউটারের মাধ্যমে ইন্টারনেটে সিম কার্ড এবং মডেমের সাহায্যে যুক্ত হতে পারিস।

মডেম এর মাধ্যমে কম্পিউটারে ইন্টারনেট সংযোগ দেয়া যায়।

এই ডিভাইসে সিম যুক্ত করার জায়গা আছে, সিমের ডাটা প্যাকেজ কিনে তারপর সে সিমকে মডেমে লাগিয়ে কম্পিউটারের ইউএসবি পোর্টে যুক্ত করলেই ইন্টারনেট সংযোগ পেয়ে যাবি।

তারপর ব্রডব্যান্ড সংযোগ নিলে ক্যাবলের মাধ্যমে ডেস্কটপ/ল্যাপটপ দুই ধরনের কম্পিউটারেই ব্যবহার করতে পারবি।

আবার মোবাইল ফোনে ডাটা প্যাকেজ কিনে বা কারো ফোনে ডাটা প্যাকেজ থাকলে সেই ফোনে ডাটা কানেকশন অন করে ইন্টারনেটে যুক্ত হওয়া যায়।

এজন্য ফোনে মোবাইলের সেটিংস অপশনে গিয়ে পোর্টেবল হটস্পট অন করতে হবে।

এই হটস্পট অন করার ফলে মোবাইলের নেটওয়ার্কেটা কম্পিউটারের কাছে ওয়াইফাইয়ের মত কাজ করবে।

হটস্পটে যুক্ত করার জন্য হটস্পটে প্রবেশ করে পাসওয়ার্ডটি দেখে নিবি।

তারপর কম্পিউটারের ওয়াইফাই অন করে এই পাসওয়ার্ড দিয়ে ফোনের হটস্পটের সাথে যুক্ত করে নিলে ইন্টারনেট ব্যবহার করতে পারবি।

দারুণ তো।
জেনে খুবই উপকার
হলো। তোকে
অনেক ধন্যবাদ।